

জেলা প্রশাসকের কার্যালয়
পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ জাহেদুর রহমান
জেলা প্রশাসক, পিরোজপুর

স্থান : শহীদ আব্দুর রাম্মাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ

তারিখ : ২৭/০৩/২০২৩

সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ষিক শুদ্ধাচার কর্মপরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২০২৩ পাঠ করে শুনান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন হয়েছে কিনা/ কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে | মন্তব্য |
|---------|---|--|-------------------------------|
| ০১ | ক। নৈতিকতা কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। খ. সভার কার্যবিবরণী শুদ্ধাচার কৌশল ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | নৈতিকতা কমিটির সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে এবং কার্যবিবরণী জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। কার্যবিবরণীর অনুলিপি সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম ১০০% বাস্তবায়িত |
| ০২ | ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড নিশ্চিত করতে হবে। | ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করা হয়েছে। | কার্যক্রম ১০০% বাস্তবায়িত |
| ০৩ | ক। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ করে শুদ্ধাচার কর্মপরিকল্পনার ত্রৈমাসিক কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন প্রমাণকসহ এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। খ। অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণপূর্বক শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন প্রমাণকসহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং অগ্রগতি প্রতিবেদন জেলা প্রশাসক, পিরোজপুর এর শুদ্ধাচার কৌশল ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | কার্যক্রম ১০০% বাস্তবায়িত |
| ০৪ | ক। বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর ওয়েবসাইটে প্রদত্ত “শুদ্ধাচার কৌশল” সেবাবক্স এর আদলে ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্স এর আদলে ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্সটি প্রণয়ন করতে হবে। খ। শুদ্ধাচার সেবা বক্সের তথ্য ত্রুটিমুক্ত, হালনাগাদকরণ এবং সমৃদ্ধ করতে হবে। | বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত “শুদ্ধাচার কৌশল” সেবাবক্স এর আদলে ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্সটি প্রণয়ন করা হয়েছে এবং শুদ্ধাচার সেবা বক্সের তথ্য ত্রুটিমুক্ত, হালনাগাদকরণ এবং সমৃদ্ধ করার কার্যক্রম ৩য় ত্রৈমাসিকে সম্পন্ন করা হয়েছে। | কার্যক্রম ১০০% বাস্তবায়িত |
| ০৫ | কার্যবিবরণীর প্রতিটি সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে | কার্যবিবরণীর প্রতিটি সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম ১০০% বাস্তবায়িত |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাঃ/-
মোহাম্মদ জাহেদুর রহমান
জেলাপ্রশাসক
পিরোজপুর
ফোন : ০২৪৭-৮৮২০৪০০
dcpirojpur@mopa.gov.bd

নং-০৫.১০.৭৯০০.০০৮.০৬.০১৪.২৩-২৮৯(২)

তারিখ : ১৩ চৈত্র ১৪২৯
২৭ মার্চ ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর
- ০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভাডারিয়া/ইন্দুরকানী/মঠবাড়িয়া
- ০৮। সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর/নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভাডারিয়া/ইন্দুরকানী/মঠবাড়িয়া
- ০৯। নেজারত ডেপুটি কালেক্টর, পিরোজপুর
- ১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, জেলা কার্যালয়, পিরোজপুর (কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১১। অফিস কপি


২৭-০৬-২০২৩

মনিরা পারভীন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
পিরোজপুর